“ তারুণ্যের উৎসব- ২০২৫” উদ্‌যাপন উপলক্ষ্যে ০৬ জানুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাইফুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর |
| সভার তারিখ ও সময় | : | ০৬/০১/২০২৫ খ্রি. , সময়- সকাল -১১.০০ টা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, রংপুর সদর, রংপুর। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিষ্ট "ক"

সভাপতি সভার প্রারম্ভে “তারুণ্যের উৎসব-২০২৫” উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার শুরুতে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে “তারুণ্যের উৎসব-২০২৫” উদ্‌যাপন উপলক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে বিগত ১৭/১২/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও একই মন্ত্রণালয়ের বিগত ২৯/১২/২০২৪ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৪১.৪৪.০০১.২৪.৩৯৫ নম্বর প্রজ্ঞাপন এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২২/১২/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.২০২৪-১৩৩১ নম্বর পরিপত্র সভায় উপস্থাপন করেন।

সভাপতি বলেন “এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যকে সামনে রেখে নতুন বাংলাদেশ গড়ার প্রত্যয়ে “তারুণ্যের উৎসব-২০২৫” উদ্‌যাপনের নিমিত্ত বর্তমান সরকার কর্তৃক বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। বর্ণিত কমিটিসমূহের মধ্যে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের কমিটির কার্যপরিধি অনুয়ায়ী কার্যক্রম গ্রহণ করাসহ তারুণ্যের উৎসব-২০২৫ উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপনের লক্ষ্যে তিনি বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন। সেইসাথে তিনি সভায় উপস্থিত সকল সদস্যসহ অংশীজনের সুচিন্তিত মতামত আহবান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ, প্রতিনিধি মনোনয়ন ও উপ-কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | রংপুর সদর উপজেলার প্রতিটি ইউনিয়নে একদিন করে "তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ” শীর্ষক একটি কর্মশালার আয়োজন করতে হবে। | ইউনিয়ন পর্যায়ে ৪-৯ জানুয়রি ২০২৫ এর মধ্যে "তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ” শীর্ষক একটি কর্মশালার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পর্যায়ের সংশ্লিষ্ট কমিটি |
| ২। | রংপুর সদর উপজেলায় একদিন "তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ” শীর্ষক একটি কর্মশালার আয়োজন করতে হবে। | রংপুর সদর উপজেলায় ১১-১৬ জানুয়রি ২০২৫ এর মধ্যে "তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ” শীর্ষক একটি কর্মশালার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কমিটি |
| ৩। | রংপুর সদর উপজেলা ও রংপুর মহানগরে স্কুল পর্যায়ে “জনস্বাস্থ্য রক্ষায় স্বাস্থ্যসম্মত শৌচাগার, হাত ধোয়ার চেয়ে অধিক গুরুত্বপূর্ণ” শীর্ষক আন্তঃস্কুল বিতর্ক অনুষ্ঠান এবং কলেজ পর্যায়ে “ডেঙ্গু মোকাবেলায় প্রাতিষ্ঠানিক উদ্যোগের চেয়ে ব্যক্তি সচেতনতা-ই অধিক গুরুত্বপূর্ণ” শীর্ষক আন্তঃকলেজ বিতর্ক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | ক) রংপুর সদর উপজেলা ও রংপুর মহানগরে “ জনস্বাস্থ্য রক্ষায় স্বাস্থ্যসম্মত শৌচাগার, হাত ধোয়ার চেয়ে অধিক গুরুত্বপূর্ণ” শীর্ষক আন্তঃস্কুল বিতর্ক অনুষ্ঠানের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) রংপুর সদর উপজেলা ও রংপুর মহনগরে কলেজ পর্যায়ে “ডেঙ্গু মোকাবেলায় প্রাতিষ্ঠানিক উদ্যোগের চেয়ে ব্যক্তি সচেতনতা-ই অধিক গুরুত্বপূর্ণ” আন্তঃকলেজ বিতর্ক অনুষ্ঠানের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপ-কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ৪। | রংপুর সদর উপজেলায় তরুণদের অংশগ্রহণে ও সহযোগিতায় পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা ও বর্জ্য-শূন্যতার প্রচার করতে হবে। | ক) রংপুর সদর উপজেলায় তরুণদের অংশগ্রহণে ও সহযোগিতায় পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা ও বর্জ্য-শূন্যতার প্রচার-প্রচারণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) রংপুর সদর উপজেলার প্রতিটি স্কুল কলেজে পরিচ্ছন্নতার অভিযান পরিচালনার বিষয়টি প্রচার-প্রচারণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) "আমার স্কুল পরিচ্ছন্ন স্কুল" শিরোনামে রংপুর সদর উপজেলার সকল স্কুলের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্রাথমিক বিদ্যালয়ের ক্লাস রুম, আঙ্গিনা ওয়াশব্লক বিশেষভাবে পরিস্কার পরিচ্ছন্ন রাখার কার্যক্রম গ্রহণসহ অনুশীলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br><br>২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর<br><br>৩) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর |
| ৫। | রংপুর সদর উপজেলার প্রতিটি ইউনিয়নে মশক নিধন ও জলবদ্ধতা নিরসন কার্যক্রম গ্রহণ করতে হবে। | রংপুর সদর উপজেলার প্রতিটি ইউনিয়নে মশক নিধন ও জলবদ্ধতা নিরসন কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর |
| ৬। | তারুণ্যের উৎসব উদ্‌যাপনের তথ্য সংগ্রহ ও প্রধান উপদেষ্টার কার্যালয়ের youth.cao.gov.bd ওয়েবসাইটে আপলোডের সাথে সংযুক্ত থাকবে এবং প্রধান উপদেষ্টার কার্যালয়ের youth.cao.gov.bd ওয়েবসাইটকে সরকারি সকল ওয়েবপোর্টালের সাথে hyperlink করতে হবে। | তারুণ্যের উৎসব উদ্‌যাপনের তথ্য সংগ্রহ ও প্রধান উপদেষ্টার কার্যালয়ের youth.cao.gov.bd ওয়েবসাইটে আপলোডের সাথে সংযুক্ত থাকাসহ প্রধান উপদেষ্টার কার্যালয়ের youth.cao.gov.bd ওয়েবসাইটকে সরকারি সকল ওয়েবপোর্টালের সাথে hyperlink করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব স্ব দপ্তর প্রধান |
| ৭। | রংপুর সদর উপজেলায় বণায়ন কর্মসূচি গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রংপুর সদর উপজেলাধীন খেলার মাঠে অথবা স্টেডিয়ামের আশেপাশে অথবা সুবিধাজনক কোন স্থানে বৃক্ষরোপন কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, বন বিভাগ, রংপুর |
| ৮। | রংপুর সদর উপজেলায় রচনা প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, আঞ্চলিক খেলাধুলা চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | ক) রংপুর সদর উপজেলায় রচনা প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, আঞ্চলিক খেলাধুলা ও জুলাই ৩৬ সংক্রান্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপ-কমিটি |

(ক) ইউনিয়ন পর্যায়ের অনুষ্ঠানসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিয়োগকৃত/মনোনীত কর্মকর্তার নাম ও পদবী:

| ক্রম | ইউনিয়নের নাম | ট্যাগ অফিসারের নাম ও পদবী |
|---|---|---|
| ১ | হরিদেবপুর | জনাব মোঃ ফারহান নওরোজ নুর, উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রংপুর সদর, রংপুর |
| ২ | চন্দনপাট | জনাব মো: মাহামুদুল হাসান, উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ৩ | সদ্যপুস্করণী | জনাব মোহাম্মদ কায়সার আলী, উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ৪ | খলেয়া | জনাব মো: ফরহাদ হোসেন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ৫ | মমিনপুর | জনাব আ.ব. মোকতাদের বিল্লাহ, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর |

নিয়োগকৃত/মনোনীত অফিসারগণ রংপুর সদর উপজেলাধীন ইউনিয়ন পর্যায়ের অনুষ্ঠানসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং ইউনিয়ন পর্যায়ের সকল অনুষ্ঠানের সার্বিক বিষয় মনিটরিং করবেন।

(খ) রচনা, কুইজ ও চিত্রাঙ্কন ও বিতর্ক প্রতিযোগিতা উপ-কমিটি:

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | জনাব আবু সাইদ মো: আব্দুল ওয়াহিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর | আহবায়ক |
| ২ | জনাব মো: আফতাবুর রহমান, উপজেলা একাডেমিক সুপারভাইজার, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৩ | জনাব মোহাম্মদ কায়সার আলী, উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৪ | জনাব মো: মাহামুদুল হাসান, উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৫ | জনাব দিলওয়ার হোসেন, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৬ | মিজ হেলেনা হাবিবা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৭ | ড. মোছা: মাহমুদা খাতুন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর | সদস্য |

উক্ত কমিটি বর্ণিত বিষয়ে বিচারক প্যানেল প্রস্তুত করতঃ প্রতিযোগিতাসমূহ ২৮ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন করে উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বরাবরে ফলাফলসহ প্রতিবেদন দাখিল করবেন। উল্লেখ্য যে প্রয়োজনে উক্ত উপ-কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবেন।

(গ) আঞ্চলিক খেলাধুলা (কাবাডি, ফুটবল, ভলিবল, সাঁতার ইত্যাদি) প্রতিযোগিতা উপ-কমিটি:

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ কায়সার আলী, উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর | আহবায়ক |
| ২ | জনাব মো: ফরহাদ হোসেন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৩ | জনাব মোঃ ফারহান নওরোজ নুর, উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। | সদস্য |
| ৪ | জনাব মো: সাইফুল্লাহ আল-মামুদ, উপজেলা সহকারী সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৫ | জনাব মো: মনিমুল হক, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৬ | জনাব মো: আফতাবুর রহমান, উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার, রংপুর সদর, রংপুর | সদস্য |
| ৭ | জনাব বোরজাহান কবির, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর | সদস্য |

উক্ত কমিটি বর্ণিত প্রতিযোগিতাসমূহ আগামী ২৮ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করে উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বরাবরে ফলাফলসহ প্রতিবেদন দাখিল করবেন। উল্লেখ্য যে প্রয়োজনে উক্ত উপ-কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৬/০১/২০২৫

সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর
ও
সভাপতি
"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপজেলা কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।
www.rangpursadar.rangpur.gov.bd

স্মারক নম্বর ০৫.৫৫.৮৫৪৯.০০৩.০৩.০২৫.২৫- ১৪

তারিখ: ২২ পৌষ, ১৪৩১
০৬ জানুয়ারি, ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থ / জ্ঞাতার্থ ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, রংপুর।
২। সহকারী কমিশনার (ভূমি) রংপুর, সদর, রংপুর।
৩। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা (সদর), রংপুর জেলা।
৪। উপজেলা..............................................অফিসার, রংপুর সদর, রংপুর।
৫। চেয়ারম্যান, .................................................. ইউপি (সকল), রংপুর।
৬। ......................................................................................
৭। অফিস কপি

০৬/০১/২০২৫

সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন- ০২৫৮৯৯-৬২৩৫৫
unorangpur@mopa.gov.bd